

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ অনুসারে একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত
বাছাই কমিটির ২৫.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মুহম্মদ গোলামুর রহমান
মহাপরিচালক (দা.), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
তারিখ : ২৫ জুন ২০১৯
সময় : বিকাল ৩.৩০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

২.০ আলোচনা:

সভাপতি কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর উপর আলোকপাত করেন। তিনি বলেন, এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছরে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে। ১ম সভার সিদ্ধান্ত অনুসারে নির্ধারিত মূল্যায়ন পদ্ধতি অনুসরণপূর্বক দপ্তরের গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত ০৫ (পাঁচ) জন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ০৪ (চার) জন কর্মচারীর মূল্যায়ন ছক পূরণ করে দপ্তর প্রধানের নিকট দাখিল করা হয়। প্রতিটি মূল্যায়ন পদ্ধতির ছক পর্যালোচনা করে গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত ০৫ (পাঁচ) জন কর্মচারীর মধ্যে হতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মচারী মোঃ আব্দুল আলীম, সহকারী পরিচালককে মনোনয়ন দেওয়া যেতে পারে বলে সভাপতি মত প্রদান করেন। বিএমডির গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ০৪ (চার) জন কর্মচারীর প্রতিটি মূল্যায়ন পদ্ধতির ছক পর্যালোচনা করে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মচারী মেহেরুল্লাহ, উচ্চমান সহকারীকে মনোনয়ন দেওয়া যেতে পারে বলে সভাপতি মত প্রদান করেন।

সিদ্ধান্ত :

- (১) ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর ৩.৪ অনুচ্ছেদ অনুসারে ২০১৮-১৯ অর্থবছরের জন্য গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মচারী মোঃ আব্দুল আলীম, সহকারী পরিচালককে শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হয়। ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর অনুচ্ছেদ ৭ অনুসারে একটি সনদ পত্র এবং একমাসের মূল বেতনে সম পরিমাণ অর্থ প্রদান করা হবে।
- (২) ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর ৩.৪ অনুচ্ছেদ অনুসারে ২০১৮-১৯ অর্থবছরের জন্য গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারী মেহেরুল্লাহ, উচ্চমান সহকারীকে শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হয়। ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর অনুচ্ছেদ ৭ অনুসারে একটি সনদ পত্র এবং একমাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ প্রদান করা হবে।

৩.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(মুহম্মদ গোলামুর রহমান)
মহাপরিচালক (দা.)
ও
সভাপতি, বাছাই কমিটি

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩. ৪৪৬

তারিখ: ১১ আষাঢ় ১৪২৬
২৬ জুন ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপপরিচালক (সংযুক্ত), বিএমডি, ঢাকা;
- ২। জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক, বিএমডি, ঢাকা;
- ৩। জনাব এস.এম. আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক (সংযুক্ত), বিএমডি, ঢাকা;
- ৪। জনাব মোঃ আব্দুল আলীম, সহকারী পরিচালক, বিএমডি, ঢাকা;
- ৫। জনাব মো: মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (ভূ-পদার্থ), বিএমডি, ঢাকা;
- ৬। মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), বিএমডি, ঢাকা;
- ৭। জনাব আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন), বিএমডি, ঢাকা;
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৯। সংশ্লিষ্ট নথি।


(মুহম্মদ গোলামুর রহমান)
মহাপরিচালক (দা.)